গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম**

সরকারী কার্যভবন-০১, আগ্রাবাদ, চট্টগ্রাম-৪১০০

নথি নং- ৫ম/২০ (১৩) এলসি/এডমিন/২০০২/৪২৮৬ তারিখঃ ০৮/০৯/২০২৬ খ্রি.

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

**সার্ভেয়ার তালিকাভুক্তির বিজ্ঞপ্তি**

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর আওতাধীন শুল্ক স্টেশনসমূহের মাধ্যমে আমদানিতব্য পেট্রোলিয়ামজাত পণ্য ও অন্যান্য বাল্ক আকারে আমদানিকৃত পণ্যের সঠিক পরিমাণ সার্ভে করার নিমিত্ত কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ২৬৬ এর প্রদত্ত ক্ষমতা বলে কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম কতৃর্ক ০২ (দুই) বছর মেয়াদে সার্ভেয়ার প্রতিষ্ঠানসমূহকে তালিকাভুক্ত করা হবে। বর্ণিতাবস্থায়, সার্ভেয়ার হিসেবে তালিকাভুক্তির জন্য আগ্রহী প্রতিষ্ঠানকে **আগামী ২২/০৯/২৬ খ্রি.** তারিখের মধ্যে নিম্নোক্ত দলিলাদিসহ আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

ক) আগ্রহী সার্ভেয়ার প্রতিষ্ঠানকে নিম্নরূপ প্রয়োজনীয় কাগজপত্রসহ কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম বরাবর আবেদন করতে হবে:

১. আবেদনকারীর ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি;

২. আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র;

৩. প্রতিষ্ঠানের ব্যাংক স্বচ্ছলতার সনদপত্র

৪. আবেদনকারী প্রতিষ্ঠানের অবশ্যই নৌ পরিবহন অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত সনদধারী সার্ভেয়ার থাকতে হবে। আবেদনের সাথে এরূপ প্রমাণক দাখিল করতে হবে।

৫. প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স;

৬. প্রতিষ্ঠানের আয়কর (TIN) সনদপত্র;

৭. প্রতিষ্ঠানের মূসক নিবন্ধন (BIN) সনদপত্র;

৮. কাস্টমস হাউস/ স্টেশনে কাজ করার ০২ (দুই) বছরের নূন্যতম অভিজ্ঞতা সনদ;

৯. লিমিটেড কোম্পানি হলে জয়েন্ট স্টক কোম্পানীতে অর্ন্তভুক্তির দলিলাদি; পার্টনারশিপ ব্যবসার ক্ষেত্রে Contract of partnership ;

(খ) মিথ্যা তথ্য, মিথ্যা সার্ভে প্রতিবেদন প্রদান, দায়িত্বহীনতা, অদক্ষতা বা অন্য কোনো অভিযোগ পাওয়া গেলে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম সংশ্লিষ্ট সার্ভে প্রতিষ্ঠানের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ তালিকাভুক্তিকরণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

14.9.26

**(কাজী ইরাজ ইশতিয়াক)**

যুগ্ম কমিশনার

কমিশনারের পক্ষে

CamScanner